# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৭.২৫.৩১৮ তারিখ: ২২ জুন, ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড ২য় ও ৩য় পর্ব নিয়মিত এবং ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৫ আগামী ০৬ আগস্ট, ২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বোর্ডের নীতিমালা মোতাবেক আসন বিন্যাস করতঃ উক্ত পরীক্ষা গ্রহন করতে হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

### ১। পরীক্ষার ফরম পুরণের নিয়মাবলী:

**১.১** নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে। ফরম ফিলাপের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের বৈধ পরীক্ষার্থীদের Probable List দেখতে পাবে যা Final List এ নিয়ে অনলাইন ফরমফিলাপ সম্পন্ন করত: বোর্ডের প্রাপ্য অংশ (অনলাইনে ফরম ফিলাপের পর স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নির্ধারিত ফি হিসাব হয়ে যাবে এবং পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি ইত্যাদি) **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** (ছক-১)-এ বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে প্রদান করতে হবে।

**১.২** সংযোগ রক্ষাকারী আবেদনকারীসহ কোনও পরীক্ষার্থীর নাম **Probable List** এ না থাকলে **Add Record** এর মাধ্যমে তাদের তথ্য অন্তর্ভূক্ত করা যাবে। তবে Add Record- এর মাধ্যমে ফরম ফিলাপ করা শিক্ষার্থীদের পরীক্ষার ফি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরিশোধ করা যাবে না।

**১.৩** Online-এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF)-এর **Final List** (পরীক্ষার্থীSর স্বাক্ষরকৃত), **Total Student List,** ১৩/০৭/২০২৬ হতে ১৬/০৭/২০২৬ **খ্রি. তারিখের মধ্যে প্রিন্টকৃত Payment Summary list** এবং **Payment Voucher** নির্ধারিত সময়ের মধ্যে বোর্ড জমা দিতে হবে।

**১.৪** বিজ্ঞপ্তির ছক -১ বর্ণিত Online এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে অর্থাৎ ০৮/০৭/২০২৬ খ্রি. তারিখের পর **Final List** প্রিন্ট করে বোর্ডে জমা দিতে হবে। **০৮/০৭/২০২৬ খ্রি. তারিখের পুর্বের প্রিন্ট করা Final List গ্রহণ করা হবে না।** বোর্ডে প্রেরিত Final List এর প্রিন্ট আউট কপি ও ফরম ফিলাপ সংক্রান্ত অন্যান্য ডকুমেন্টস্ এর ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় উল্লেখিত ডকুমেন্টস্ এর ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

**১.৫** Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (ভবন-১, ৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

**১.৬ সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরম ফিলআপের ফি প্রদানের পদ্ধতিঃ [ ১৪ হতে ১৭ ডিসেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত প্রদান করা যাবে]**

**ধাপ-০১** (Apply for Form Fill Up):

**www.bteb.gov.bd** → **ফরম ফিল আপ** → **ডিপ্লোমা পর্যায়** → **Diploma in Engineering**

| | |
|---|---|
| **Course Curriculum** | **53-** Certificate in Marin Trade |
| **Exam Year** | 2025 |
| **Institution Code** | ***** |
| **Password** | ***** |

**Log In** → **Form Fill Up**

| Payment Summary | | | |
|---|---|---|---|
| **SL No** | **Semester** | **Total Student** | **Total Fees** |
| | | | |
| | **Total** | | |

↓

| Click Here for Online Payment | ➡ **Account/E-Wallet/Counter** |
|---|---|

- Account: সোনালী ব্যাংকের হিসাব হতে ফি প্রদান।
- E-Wallet: সোনালী ব্যাংকের E-Wallet হতে ফি প্রদান ।
- Counter: ভাউচার ডাউনলোড করে ব্যাংকের মাধ্যমে ফি প্রদান।

**২। পরীক্ষা ও অন্যান্য ফি-সমূহের হার নিম্নরূপ:**

**(ক) ২য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৭০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৬০০.০০ |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৪. | নম্বরপত্র ফি | ৮০.০০ |
| ৫. | প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা এবং প্রবেশপত্র প্রিন্ট ফি [ কেন্দ্র পাবে: ৪০/-; প্রতিষ্ঠান পাবে: ১০/-] | ৫০.০০ |

**(খ) ৩য় পর্ব নিয়মিত/ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (যাদের ২য় পর্বে অকৃতকার্য বিষয় নাই)**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৭০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | নিয়মিত পর্বের জন্য - ৬০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা× ৮০.০০ |
| ৪. | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা এবং প্রবেশপত্র প্রিন্ট ফি [ কেন্দ্র পাবে: ৪০/-; প্রতিষ্ঠান পাবে: ১০/-] | ৫০.০০ |

**(গ) ৩য় পর্ব নিয়মিত/ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (যাদের ২য় পর্বে অকৃতকার্য বিষয় আছে)**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৭০০.০০ |
| ২. | ২য় পর্বের অকৃতকার্য বিষয়ের ফি | বিষয়ের সংখ্যা × ১২৫.০০ |
| ৩. | কেন্দ্র ফি | নিয়মিত পর্বের জন্য - ৬০০.০০<br>(২য় পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য) পর্ব সংখ্যা× ২৫০.০০ |
| ৪. | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা× ৮০.০০ |
| ৫. | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৬. | প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা এবং প্রবেশপত্র প্রিন্ট ফি [ কেন্দ্র পাবে: ৪০/-; প্রতিষ্ঠান পাবে: ১০/-] | ৫০.০০ |

**(ঘ) ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় × ১২৫.০০<br>সর্বনিম্ন ৭০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | (২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য) পর্ব সংখ্যা× ২৫০.০০<br>সর্বনিম্ন ৬০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা× ৮০.০০ |
| ৪. | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি (যদি থাকে) | ৬০০.০০ |
| ৬. | সনদপত্র ফি | ১২০.০০ |
| ৭. | প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা এবং প্রবেশপত্র প্রিন্ট ফি<br>[ কেন্দ্র পাবে: ৪০/-; প্রতিষ্ঠান পাবে: ১০/-] | ৫০.০০ |

[ প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা এবং প্রবেশপত্র প্রিন্ট ফি বাবদ পরীক্ষার্থী প্রতি ৫০/- আদায় করে প্রবেশপত্র প্রিন্ট বাবদ ১০/- এবং প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা বাবদ ৪০/- ব্যয় করতে হবে। উল্লেখ্য প্রতিষ্ঠান এবং কেন্দ্র ভিন্ন হলে ৫০/- হতে কেন্দ্র পাবে ৪০/- ও প্রতিষ্ঠান পাবে ১০/-, এছাড়া কোন পরীক্ষার্থীর তাত্বিক বিষয়ের পরীক্ষা না থাকলে প্রশ্নপত্র প্রিন্ট ও ব্যবস্থাপনা ফি প্রযোজ্য হবে না, তবে প্রবেশপত্র প্রিন্ট ফি বাবদ ১০/- প্রযোজ্য হবে।]

**৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউট কপি/ এন্ট্রিফরম প্রেরণের নিয়মাবলী:**

**৩.১** পরীক্ষার ফরম ফিল আপ সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার (রেজিস্টার বা সমপর্যায়ের) মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

**৩.২** ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১৫.০০ টাকা হারে পরিশোধ করতে হবে।

**৩.৩** পরীক্ষার ফি আদায় ও বোর্ডে প্রেরণ সংক্রন্ত ব্যায় (প্রদানযোগ্য কমিশন) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে ।

**৩.৪** পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপির নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই সীলসহ স্বাক্ষর করবেন।

**৩.৫** অন-লাইনে ফরম ফিল আপের তারিখ, ফি প্রদানের তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি (Final list) ও ফি প্রদানের রশিদ বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্ন "ছক-১" মোতাবেক সম্পন্ন করতে হবে।

**ছক-১**

| ফরম ফিলাপ করার তারিখ (বিলম্ব ফি ব্যতীত) | ফরম ফিলাপ করার তারিখ (৩০০/-বিলম্ব ফি-সহ) | Online এ ফরম ফিলাপকৃত শিক্ষার্থীদের ফি সোনালী সেবা গেটওয়ের মাধ্যমে প্রদান করার সময়সীমা | বোর্ড হতে ব্লাঙ্ক উত্তরপত্র ও পরীক্ষার সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ এবং প্রতিষ্ঠান কর্তৃক ফরম ফিলাপের প্রিন্ট-আউটের হার্ড কপি, ফি জমাদানের রশিদ ও আনুসঙ্গিক ডকুমেন্টস বোর্ড জমা দেয়ার তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশপত্র Download ও Print করার তারিখ (সোনালী সেবায় পেমেন্টকৃতদের) | Problem list এ থাকা শিক্ষার্থীদের আবেদন করার তারিখ | Problem list এ থাকা আদেনকারী এবং ডিডির মাধ্যমে ফি প্রদানকৃতদের প্রবেশপত্র Download ও Print করার তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৫/০৬/২০২৬ হতে ০২/০৭/২০২৬ পর্যন্ত (অন-লাইন এন্ট্রিসহ) | ০৭/০৭/২০২৬ হতে ০৮/০৭/২০২৬ পর্যন্ত (অন-লাইন এন্ট্রিসহ) | ১৩/০৭/২০২৬ হতে ১৬/০৭/২০২৬ পর্যন্ত | ২২ জুলাই ২০২৬ খ্রি. | ২৬ জুলাই ২০২৬ খ্রি. | ২৮ জুলাই ২০২৬ খ্রি পর্যন্ত (প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে বোর্ডে জমা দিতে হবে) | ৩০ শে জুলাই ২০২৬ খ্রি. |

উল্লেখ্য, ২৩-০৭-২০২৬ খ্রি. তারিখের পর ফরম পূরণ (Form Fill Up) সংক্রান্ত আবেদন/ডকুমেন্টস বোর্ডে জমা দিলে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে ১ম, ২য় ও ৩য় আবেদনের জন্য যথাক্রমে ১০০০/-, ২০০০/- ও ৩০০০/- টাকা এবং ৪র্থ ও পরবর্তী প্রতিটি আবেদনের জন্য ৪০০০/- টাকা হারে জরিমানা আদায় করা হবে।

[বি. দ্র. ১. প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধ না থাকলে প্রবেশপত্র Download করা যাবে না।
২. সোনালী সেবার মাধ্যমে পরীক্ষার ফি প্রদান/গ্রহণে হিসাবে কোন ভুল ত্রুটি থাকলে তা ম্যানুয়ালী গ্রহণ করা হবে।]

**৪. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলি:**

৪.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এর ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৪.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্য বিশিষ্ট ফরম ফিলাপের জন্য বোর্ড দায়ি থাকবে না।

৪.৩ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদেয় কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে ।

৪.৪ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭ [দৃষ্টি আকর্ষণ: উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে করতে হবে।

**৫. অন্যান্য শর্তাবলী:**

**৫.১** পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসমূহ ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়) ।

**৫.২** নির্ধারিত সময় সীমার মধ্যে এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও অফিসের অর্থ উক্ত ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

**৫.৩** প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় এই বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

**৫.৪** পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পূর্বের উত্তরপত্র সমন্বয় করে উত্তরপত্র গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না (উত্তরপত্র গ্রহণের জন্য চাহিদা ফরম ১ ও ২ ব্যবহার করতে হবে)।


**৫.৫** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

**৫.৬** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এই মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

**বি.দ্র. সকল পর্বের সকল বিষয়ের পরীক্ষা সংশ্লিষ্ট প্রবিধান ও কোর্স স্ট্রাকচার অনুসারে পূর্ণ সময়ে পূর্ণ নম্বরে গ্রহণ করা হবে।**

**৬। প্রবেশপত্র প্রিন্ট:**

**অনুচ্ছেদ ৩.৫ এর ৭ কলামে বর্ণিত তারিখ অনুযায়ী A4 (8.27"x11.69") size, ৮০ গ্রাম কাগজের প্রথম পৃষ্ঠায় প্রবেশপত্র এবং দ্বিতীয় পৃষ্ঠায় শৃঙ্খলাবিধি কালার Print** করে নির্ধারিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল স্বাক্ষর সম্পন্ন করতঃ পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশপত্র Download এবং Print করার প্রক্রিয়া (ধাপসমূহ) নিম্নে দেয়া হলোঃ




**বিঃদ্রঃ** Online ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন (১) ০১৮৭৬৩৯৭১৩৮, (২) ০১৫৫০৬২০৬০৪, (৩) ০২-৫৫০০৬৫৩১ ও (৪) ০২-৫৫০০৬৫২৫।

২২/০৬/২০২৬

**প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ**

পরীক্ষা নিয়ন্ত্রক

E:\July-December-2026\2. Marin Trade\Advertisement.doc

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৭.২৫.৩১৮(১৩) তারিখ: ২২ জুন, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালত (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জ।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচারক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- কৃষি/টেক্সটাইল/শর্ট কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারি প্রোগ্রামার (সার্টিফিকেট ইন মেরিন পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্ম কর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. নথি।

২২/০৬/২০২৬

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১